100 mm X 280 mm

# Naftol®

Naftopidil INN

## Composition

**Naftol®** 25 tablet: Each tablet contains Naftopidil INN 25 mg.
**Naftol®** 50 tablet: Each tablet contains Naftopidil INN 50 mg.
**Naftol®** 75 tablet: Each tablet contains Naftopidil INN 75 mg.

## Pharmacology

**Naftol®** is a preparation of Naftopidil which is a selective $\alpha_1$ adrenergic receptor antagonist with higher antagonistic effect on $\alpha_{1D}$ receptor. It works by relieving smooth muscle tension in urethra and prostate gland so urine is passed more easily. It also suppresses the overactivity of detrusor muscle.

## Indication

**Naftol®** is indicated in the treatment of benign prostatic obstruction and benign prostatic hyperplasia (BPH) associated lower urinary tract symptoms (LUTS). It does not decrease the size of the prostate.

## Dose and administration

***Route of administration:*** **Naftol®** should be taken orally after meal. Swallow it as a whole without crushing or chewing it.

In general, for adults, start with **Naftol®** 25 once a day. If the effect is insufficient, the dosage may be gradually increased to 50 to 75 mg once a day at intervals of 1 to 2 weeks. The dosage may be adjusted according to age or symptoms. The maximum daily dose is 75 mg.

**Hepatic impairment**
Dosage adjustment may be required in severe hepatic impairment as this can affect the metabolism of the drug.

**Renal impairment**
Dosage adjustment is not required in patients with renal impairment.

## Contraindication

It is contraindicated in patients with history of known hypersensitivity to naftopidil or any other components of this product.

## Warning and precaution

Caution should be taken in patients with salt imbalance or orthostatic hypotension and diabetes before taking the medication. This medicine should be used with caution due to the increased risk of temporary loss of consciousness caused by a sudden decrease in the blood pressure.

## Side effects

The most common side effects are dizziness, headache, tiredness, blurry vision and stomach discomfort.

## Use in pregnancy and lactation

**Pregnancy:** There are no well controlled studies of pregnant women exposed to naftopidil of a drug-associated risk of major birth defects, miscarriage or adverse maternal or fetal outcomes.

**Lactation:** There are no data on the presence of this combination in human milk, the effects on the breastfed infant, or the effects on milk production.

## Use in children and adolescents

Safety and effectiveness have not been established in patients below 18 years of age.

## Drug interaction

**Drug interaction with medication:** Concomitant use of naftopidil with pain killers, blood thinner, medicines used for rheumatoid arthritis, antianxiety medicine, antifungals can cause some side effects.

**Drug interaction with food and others:** Not applicable.

## Overdose

In case of overdose, treatment should be symptomatic and supportive measures instituted as required.

## Storage

Store below 30°C in a dry place, protected from light. Keep away from the reach of children.

## Packing

**Naftol®** 25 tablet: Carton of 30 tablets in blister pack.
**Naftol®** 50 tablet: Carton of 30 tablets in blister pack.
**Naftol®** 75 tablet: Carton of 20 tablets in blister pack.

® Registered Trade Mark


Manufactured by
**ACI HealthCare Limited**
Sonargaon Museum Gate-1 Road, Treepordi
Sonargaon, Narayanganj-1440, Bangladesh
for
**Advanced Chemical Industries Limited**
7, Hajeegonj Road, Godnyl, Narayanganj, Bangladesh


5100000345

# নাফটল®

নাফটোপিডিল আইএনএন

## উপাদান

**নাফটল®** ২৫ ট্যাবলেটঃ প্রতি ট্যাবলেটে আছে নাফটোপিডিল আইএনএন ২৫ মিগ্রা।
**নাফটল®** ৫০ ট্যাবলেটঃ প্রতি ট্যাবলেটে আছে নাফটোপিডিল আইএনএন ৫০ মিগ্রা।
**নাফটল®** ৭৫ ট্যাবলেটঃ প্রতি ট্যাবলেটে আছে নাফটোপিডিল আইএনএন ৭৫ মিগ্রা।

## ফার্মাকোলজি

**নাফটল®** হলো নাফটোপিডিল এর একটি প্রস্তুতি যেটি $\alpha_{1D}$ রিসেপ্টরের প্রতি উচ্চ এন্টাগনিস্টিক প্রভাবসম্পন্ন $\alpha_1$ এড্রেনার্জিক রিসেপ্টর এন্টাগোনিস্ট। এটি মূত্রনালী এবং প্রোস্টেট গ্রন্থির মসৃণ পেশীর উপর কাজ করে প্রস্রাবে সুবিধা করে। এছাড়া এটি ডেট্রুসর পেশীর অতিস্বক্রিয়তাকেও প্রতিরোধ করে।

## নির্দেশনা

**নাফটল®** বিনাইন প্রোস্ট্যাটিক অবস্ট্রাকশন এবং বিনাইন প্রোস্ট্যাটিক হাইপারপ্লাসিয়া (BPH) সম্পর্কিত নিম্নমূত্রনালীর সংক্রমণের (LUTS) চিকিৎসায় নির্দেশিত। এটি প্রোস্টেটের আকার হ্রাস করে না।

## সেবনমাত্রা ও প্রয়োগবিধি

***ওষুধ গ্রহণের পথঃ*** **নাফটল®** খাওয়ার পর মুখে গ্রহণ করতে হবে। ট্যাবলেটটি চূর্ণ করা বা চিবানো ব্যতীত সম্পূর্ণ একসাথে গিলে খেতে হবে।

প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে **নাফটল®** ২৫ দিনে একবার হিসাবে শুরু করতে হবে। প্রত্যাশিত ফলাফল না পাওয়া গেলে ১ থেকে ২ সপ্তাহ অন্তর অন্তর মাত্রা বৃদ্ধি করে ৫০ থেকে ৭৫ মিগ্রা পর্যন্ত দিনে একবার দেয়া যেতে পারে। বয়স এবং উপসর্গ অনুসারে মাত্রা সমন্বয় করতে হবে। দৈনিক সর্বোচ্চ মাত্রা ৭৫ মিগ্রা।

**যকৃতের অকার্যকারিতায়**
গুরুতর যকৃতের অকার্যকারিতায় মাত্রা সমন্বয়ের প্রয়োজন হতে পারে যেহেতু এক্ষেত্রে ওষুধের বিপাকীয় প্রক্রিয়া প্রভাবিত হতে পারে।

**বৃক্কীয় অকার্যকারিতায়**
বৃক্কীয় অকার্যকারিতার রোগীদের ক্ষেত্রে মাত্রা সমন্বয়ের প্রয়োজন নেই।

## প্রতিনির্দেশনা

যাদের নাফটোপিডিল বা এই ওষুধের অন্যান্য উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা আছে তাদের ক্ষেত্রে এটি প্রতিনির্দেশিত।

## সাবধানতা ও সচেতনতা

যেসব রোগীদের শরীরে লবণের অসামঞ্জস্যতা বা অর্থোস্ট্যাটিক হাইপোটেনশন রয়েছে এবং ডায়বেটিস আক্রান্ত রোগীদের ক্ষেত্রে ওষুধ গ্রহণের পূর্বে সতর্কতা অবলম্বন করতে হবে। রক্তচাপ হঠাৎ হ্রাসের ফলে সাময়িক অজ্ঞান হয়ে যাওয়ার ঝুঁকির কারণে এই ওষুধ গ্রহণের সময় সতর্ক থাকতে হবে।

## পার্শ্ব প্রতিক্রিয়া

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো হলো মাথাঘোরা, মাথাব্যথা, ক্লান্তি, চোখে ঝাপসা দেখা এবং পেটে অস্বস্তি।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

**গর্ভাবস্থায়ঃ** গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে নাফটোপিডিলের ব্যবহার এবং এর সাথে সম্পর্কিত গুরুতর জন্মগত ত্রুটি, গর্ভপাত বা মায়ের বা ভ্রূণের উপর বিরূপ প্রতিক্রিয়ার কোন সুনির্দিষ্ট গবেষণামূলক তথ্য পাওয়া যায় নি।

**স্তন্যদানকালেঃ** মাতৃদুগ্ধে এর উপস্থিতি, দুধ উৎপাদনে ওষুধের প্রভাব অথবা মায়ের দুধ পাচ্ছে এমন শিশুর উপর এর প্রভাব সম্পর্কে কোনো তথ্য নেই।

## শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার

১৮ বছরের কম বয়সের শিশু ও কিশোরদের ক্ষেত্রে এর নিরাপদ ব্যবহার ও কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

## ওষুধের প্রতিক্রিয়া

**অন্য ওষুধের সাথেঃ** নাফটোপিডিলের সাথে ব্যথানাশক, রক্ত তরলকারক, রিউমাটয়েড আর্থ্রাইটিসে ব্যবহৃত ওষুধ, বিষণ্নতানাশক ওষুধ এবং এন্টিফাংগালের একত্রে প্রয়োগে বিরূপ প্রতিক্রিয়া হতে পারে।

**খাবার ও অন্য কিছুর সাথেঃ** প্রযোজ্য নয়।

## মাত্রাধিক্য

মাত্রাধিক্যের ক্ষেত্রে লক্ষণ অনুযায়ী চিকিৎসা দিতে হবে এবং প্রয়োজনীয় সহায়ক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## সংরক্ষণ

আলো থেকে দূরে, ৩০°সে. এর নিচে ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

## প্যাকিং

**নাফটল®** ২৫ ট্যাবলেটঃ প্রতি কার্টুনে ৩০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।
**নাফটল®** ৫০ ট্যাবলেটঃ প্রতি কার্টুনে ৩০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।
**নাফটল®** ৭৫ ট্যাবলেটঃ প্রতি কার্টুনে ২০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।

® রেজিস্টার্ড ট্রেড মার্ক


প্রস্তুতকারক
**এসিআই হেলথকেয়ার লিমিটেড**
সোনারগাঁ মিউজিয়াম গেট-১ রোড, ত্রিপরদী
সোনারগাঁ, নারায়ণগঞ্জ-১৪৪০, বাংলাদেশ
বাজারজাতকারক
**এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল, নারায়ণগঞ্জ, বাংলাদেশ